



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬(অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২৩. ৬৭২

তারিখঃ ১১ ভাদ্র' ১৪৩০ বাং
২৬ আগস্ট' ২০২৩ খ্রিঃ

“ আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি ”

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যশোর জেলার মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা আইন ব্যবসায় জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে অন্তত: কমপক্ষে ০৮ (আট) বছর যাবৎ (শুধুমাত্র যশোর জেলায়) নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল বিচারক যারা আইন ব্যবসায় জেলা (শুধুমাত্র যশোর জেলা) পর্যায়ে নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- ০৩। আইন উপদেষ্টা পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ০২ (দুই) মাসের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৪। মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা মাত্র) টাকা রিটেনার ফিসহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীমকোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ০৫। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। উক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম, পিতা ও মাতার নাম (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (গ) আইন পাসের সনদপত্র (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (ঙ) এ্যাডভোকেট হিসেবে বার কাউন্সিলের এনরোলমেন্টের সনদপত্র (চ) আইন ব্যবসায়ের সময়কাল/সহকারী জজ কোর্ট/ থানা কোর্ট, জজ কোর্ট, সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও আপীল ডিভিশন ওয়ারী (ছ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতার সনদ (জ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি ও নাগরিকত্বের সনদপত্র এবং (ঝ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত এবং অন্যান্য প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ পূর্বক আগামী ১০/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর পৌঁছাতে হবে।
- ০৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(স্বাক্ষর)
২৬/০৮/২৩

(মহম্মদ আব্দুল লতীফ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা ও দায়রা জজ, যশোর।
- ০৩। জেলা প্রশাসক, যশোর।
- ০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪-
- ০৬। সভাপতি, জেলা আইনজীবী সমিতি/প্রেস ক্লাব/বার কাউন্সিল, যশোর।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মনিরামপুর/কেশবপুর/অভয়নগর, উপজেলা, যশোর।
- ০৮। ডিজিএম (কারিগরী/নওয়াপাড়া/কেশবপুর) জোনাল অফিস, যশোর পবিস-২।
- ০৯। এজিএম (ওএন্ডএম), রাজগঞ্জ/সাগরদাড়া, সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
- ১০। এজিএম (অর্থ-হিঃরাঃ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি), যশোর পবিস-২।
- ১১। এজিএম (আইটি), যশোর পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ১২। নোটিশ বোর্ড (সদর দপ্তর/নওয়াপাড়া/নড়াইল/রাজগঞ্জ/সিংগাড়া), যশোর পবিস-২।

নোটিশ বোর্ডের মাধ্যমে
প্রচারের অনুরোধসহ।

(স্বাক্ষর)
২৬/০৮/২৩

(মহম্মদ আব্দুল লতীফ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)